



ইসরায়েল কাতারে আর অভিযান চালাবে না: ট্রাম্প



সংগৃহীত ছবি

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিশ্চিত করেছেন, ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ভবিষ্যতে কাতারে কোনও সামরিক অভিযান চালাবেন না। কাতার, যা গাজা উপত্যকার হামাস ও ইসরায়েলের মধ্যে মধ্যস্থতা করছে, এখন থেকে আরও ঘনিষ্ঠ সহযোগিতায় থাকবে।

সোমবার (১৫ সেপ্টেম্বর) ওভাল অফিসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, “নেতানিয়াহু আর কাতারে হামলার নির্দেশ দেবেন না। কাতার আমাদের ঘনিষ্ঠ মিত্র, এবং ভবিষ্যতে কোনো সামরিক হুমকি থাকবে না। দুই দেশের মধ্যে সহযোগিতা আরও দৃঢ় হবে।”

গত ৮ সেপ্টেম্বর, ইসরায়েলি বিমান বাহিনী কাতারে থাকা হামাসের শীর্ষ নেতাদের লক্ষ্য করে দোহায় একটি অ্যাপার্টমেন্টে হামলা চালায়। অভিযানে হামাসের পাঁচ সদস্যসহ মোট ছয়জন নিহত হয়, কিন্তু খলিল আল হায়া ও অন্যান্য হাইকমান্ড সদস্যরা বেঁচে যান। এই হামলাকে আন্তর্জাতিক সম্প্রদায় ব্যাপক সমালোচনা করে।

হামলার পরদিন, ৯ সেপ্টেম্বর হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লিভিট জানিয়েছিলেন, কাতারকে আগেই সস্তাব্য ইসরায়েলি হামলার ব্যাপারে সতর্ক করা হয়েছে। লিভিট বলেন, “নেতানিয়াহু এই হামলার বিষয়ে পূর্বেই অবগত ছিলেন।”